

নং-০৫.৫০.১০০০.০০১.১২.০০৭.২৩- ১৩৯১

তারিখ: ১১ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ  
২৬ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

### গণবিজ্ঞপ্তি

আমি মোঃ সাইফুল ইসলাম, জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানাচ্ছি যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে বগুড়া জেলার ০৭(সাত)টি সংসদীয় আসনে নির্বাচন তফশিল অনুসারে আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ রবিবার সকাল ০৮.০০ হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ আগামী ০৬ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

(১) ট্যাক্সি ক্যাব, (২) পিক আপ, (৩) মাইক্রোবাস, (৪) ট্রাক, (৫) লঞ্চ, (৬) ইঞ্জিন চালিত সকল ধরনের নৌ-যান ও (৭) স্পিড বোট

২। সেই সাথে ০৫ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ০৮ জানুয়ারি ২০২৪ তারিখ মধ্যরাত পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা বলবৎ থাকবে।

৩। উপরোল্লিখিত নিষেধাজ্ঞা নিম্নেবর্ণিত ক্ষেত্রে শিথিলযোগ্য হবে :

(ক) আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, সশস্ত্র বাহিনী, প্রশাসন ও অনুমতিপ্রাপ্ত পর্যবেক্ষক।

(খ) জরুরী সেবা কাজে নিয়োজিত যানবাহন এবং ঔষধ, স্বাস্থ্য-চিকিৎসা ও অনুরূপ কাজে ব্যবহৃত দ্রব্যাদি ও সংবাদপত্র বহনকারী সকল ধরনের যানবাহন।

(গ) আত্মীয়-স্বজনের জন্য বিমানবন্দরে যাওয়া, বিমানবন্দর হতে যাত্রী বা আত্মীয়-স্বজনসহ নিজ বাসস্থানে অথবা আত্মীয়-স্বজনের বাসায় ফিরে যাওয়ার জন্য ব্যবহৃত যানবাহন (টিকেট বা অনুরূপ প্রমাণ প্রদর্শন) এবং দূরপাল্লার যাত্রী বহনকারী অথবা দূরপাল্লার যাত্রী হিসেবে স্থানীয় পর্যায়ে যাতায়াতের জন্য যে কোন যানবাহন।

(ঘ) প্রতিদ্বন্দ্বী প্রার্থীর জন্য ১টি, প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নির্বাচনি এজেন্ট (যথাযথ নিয়োগপত্র/পরিচয়পত্র থাকা সাপেক্ষে) এর জন্য ১টি গাড়ী (জীপ, কার, মাইক্রোবাস ইত্যাদি ছোট আকৃতির যানবাহন) রিটার্নিং অফিসারের অনুমোদন ও গাড়ীতে স্টীকার প্রদর্শন সাপেক্ষে চলাচলের অনুমতি প্রদান।

(ঙ) সাংবাদিক, পর্যবেক্ষক অথবা জরুরী কোন কাজে ব্যবহৃত মোটর সাইকেল রিটার্নিং অফিসারের অনুমোদন সাপেক্ষে চলাচলের অনুমতি প্রদান।

(চ) নির্বাচন কমিশনের অনুমোদন সাপেক্ষে নির্বাচনি কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারি অথবা অন্য কোন ব্যক্তির জন্য মোটর সাইকেল চলাচলের অনুমতি প্রদান।

(ছ) জাতীয় মহাসড়ক (Highways) বন্দরছাড়াও আন্তঃজেলা বা মহানগর থেকে বাহির বা প্রবেশের জন্য গুরুত্বপূর্ণ সড়ক, মহাসড়ক ও প্রধান প্রধান রাস্তার সংযোগ সড়ক বা উক্তরূপ সকল রাস্তায় বিশেষ বিবেচনায় (প্রয়োজ্য ক্ষেত্রে) নিষেধাজ্ঞা শিথিলযোগ্য।

(মোঃ সাইফুল ইসলাম)  
জেলা ম্যাজিস্ট্রেট  
বগুড়া।

নং-০৫.৫০.১০০০.০০১.১২.০০৭.২৩- ১৩৯১

তারিখ: ১১ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ  
২৬ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ০৪। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ০৫। পুলিশ সুপার, বগুড়া।
- ০৬। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, বগুড়া।
- ০৭। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া ও সহকারী রিটার্নিং অফিসার।
- ০৮। অতিরিক্ত জেলা প্রশাসক (সকল)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া।
- ০৯। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া ও সহকারী রিটার্নিং অফিসার (বিজ্ঞপ্তিটি আবশ্যিকভাবে জরুরি ভিত্তিতে তার অধিক্ষেত্রের ইলেক্ট্রনিক মিডিয়ায় (স্থানীয় ডিস চ্যানেল) বহুল প্রচারসহ ইউপি চেয়ারম্যান এর মাধ্যমে মাইকিং করে প্রচারপূর্বক অগ্রগতির প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ)।
- ১০। সিনিয়র জেলা তথ্য অফিসার, বগুড়া [তাকে বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায় মাইকযোগে ব্যাপক প্রচারসহ ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচারের অনুরোধসহ]।
- ১১। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া [বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য বলা হলো]।
- ১২। অফিসার ইনচার্জ (সকল দানা), বগুড়া [বিজ্ঞপ্তিটি তার থানা অধিক্ষেত্রে বহুল প্রচারের অনুরোধসহ]।
- ১৩। সভাপতি/সাধারণ সম্পাদক, ..... প্রেস ক্লাব, বগুড়া।
- ১৪। সভাপতি, কোয়াব, ..... বগুড়া [তাকে বিজ্ঞপ্তিটি ক্যানল নেটওয়ার্কের মাধ্যমে প্রচারের অনুরোধসহ]।
- ১৫। নোটিশ বোর্ড, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া।
- ১৬। অফিস কপি।

জেলা ম্যাজিস্ট্রেট  
বগুড়া।